NYC Consumer and Worker Protection

BENGALI

*এই প্রকাশনায় 20ই মে তারিখ পর্যন্ত তথ্য অন্তর্ভুক্ত রয়েছে।*
*এছাড়াও অনুগ্রহ করে nyc.gov/consumers নিরীক্ষণ করুন।*

**গুরুত্বপূর্ণ:**

- করোনা ভাইরাসের (COVID-19) সংক্রমণ সীমিত করে এমন কোনো জিনিস ও পরিষেবার ক্ষেত্রে **মূল্য বৃদ্ধি** বেআইনি। on.nyc.gov/overcharge-এ একটি অভিযোগ দায়ের করুন।
- COVID-19 সঙ্কটের কারণে, যদি আপনি আর্থিক সমস্যার সম্মুখীন হন, তাহলে আপনি ঋণ সংগ্রহকারী সংস্থাকে আপনার বর্তমান ঋণের জন্য যোগাযোগ করা বন্ধ করতে অনুরোধ করতে পারেন। **ঋণ সংগ্রহ বন্ধ করার পত্রালাপের** টেমপ্লেট nyc.gov/consumers থেকে ডাউনলোড করুন।
- জরুরি অবস্থার জন্য **911 নম্বরে কল করুন**।

# COVID-19 সংক্রান্ত প্রতারণা ও নিরাপত্তা সম্পর্কিত পরামর্শ

প্রতারকরা প্রায়ই সঙ্কট ও খারাপ সময়ে মানুষের দুর্বলতার সুযোগ নেয়। নিজেকে ও আপনার অর্থ সুরক্ষিত রাখতে যে কোনো সম্ভাব্য প্রতারণা সম্পর্কে সচেতন থাকা গুরুত্বপূর্ণ। এই প্রকাশনায় COVID-19 সংক্রান্ত সাধারণ প্রতারণা সম্পর্কে বলা হয়েছে ও নিরাপদে থাকার পরামর্শ দেয়া হয়েছে।

## ভুয়া সরকারি কল/টেক্সট/ইমেল

কোনও প্রতারক আপনার সঙ্গে যোগাযোগ করে সরকারি কর্মীর পরিচয় দিয়ে অর্থের বা ব্যক্তিগত তথ্যের অনুরোধ করতে পারে। সাধারণ উদাহরণ হল:

| প্রতারণা | কিভাবে এটি কাজ করে? | ঘটনা / পরামর্শ |
|---|---|---|
| **অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবার (Internal Revenue Service, IRS) নামে প্রতারণার মাধ্যমে প্রতারণা** | প্রতারকরা নিজেদেরকে IRS-এর কর্মী বলে পরিচয় দেবে ও অর্থ বা ব্যক্তিগত তথ্য চাইবে। তারা দাবি করবে যে আপনার আর্থিক ক্ষতির অর্থ (উদ্দীপক পেমেন্ট) যাতে আপনি দ্রুত পেতে পারেন তাই এগুলি প্রয়োজন। | • আপনার উদ্দীপক পেমেন্টের জন্য অর্থ বা ব্যক্তিগত তথ্য চাইতে IRS কল বা ইমেল করে না। এটি পেতে অধিকাংশ মানুষকেই কিছু করতে হবে না।<br>• যে ওয়েবসাইটে আছেন সেটি আনুষ্ঠানিক ওয়েবসাইট কিনা সর্বদা যাচাই করবেন কারণ আপনার উদ্দীপক পেমেন্ট সম্পর্কিত তথ্য এখানেই পাওয়া যাবে: irs.gov/eip। |
| **ভুয়ো আইন প্রয়োগ সংক্রান্ত কল** | প্রতারকরা কল করে আইন বলবৎকরণ অফিসার বা NYPD প্রতিনিধি হিসেবে নিজের পরিচয় দেয় এবং আপনার পরিবারের সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানায় এবং তার জামানতের জন্য গিফ্ট কার্ডের মাধ্যমে অর্থ দিতে বলে। প্রতারকরা আপনার প্রিয়জন লজ্জিত তাই পরিবারের অন্যান্য সদস্যদের এই ঘটনা জানাতে চান না এমন বলতে পারে। কোনো কলার হয়তো ভুক্তভোগী হতে পারে এমন ব্যক্তিগত বিশদ বিবরণও জেনে থাকতে পারে এবং কলার আইডি যে বৈধ তা দেখাতে নিপুনভাবে জাল করা হতে পারে। এটি একটি ভুয়া কল।<br><br>আরও একটি সম্ভাব্য প্রতারণা হল "আইন প্রয়োগকারী অফিসার" আপনাকে বলবে যে আপনি লঙ্ঘন করেছেন, আপনাকে সমন পাঠানো হবে বা আপনার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা আছে, তবে আপনি অবিলম্বে ফি দিয়ে দিলে আপনার বিরুদ্ধের অভিযোগ বন্ধ করা হবে। | • সর্বদা মনে রাখবেন যে সরকার কখনই অপ্রত্যাশিত অর্থ চাইবে না, বিশেষ করে গিফ্ট কার্ডের মাধ্যমে অর্থ দেয়া।<br>• আপনাকে চাপ দেয়া হলে ভয় পাবেন না, সমস্ত তথ্য যাচাই করতে ভুলবেন না।<br>• ftc.gov/complaint-এ গিয়ে এইসব কল সম্পর্কে অভিযোগ জমা দিন। |

| প্রতারণা | কিভাবে এটি কাজ করে? | ঘটনা / পরামর্শ |
|---|---|---|
| **বেকার ভাতা সংক্রান্ত প্রতারণা** | প্রতারকরা নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (New York State Department of Labor, NYSDOL) থেকে কল করছেন বলে জানাবে এবং "আপনার দাবি প্রক্রিয়া করতে" যাচাই করার জন্য ব্যক্তিগত তথ্য চাইবেন ও অর্থ দিতে বলবে। | • বেকার ভাতার দাবি করার সময় প্রতারণার বিষয়ে সতর্ক থাকুন। অজানা এবং অযাচাইকৃত ব্যক্তিদের সঙ্গে আপনার বিশদ বিবরণ দেবেন না।<br>• NYSDOL থেকে যদি কোনো প্রতিনিধি আপনার সঙ্গে যোগাযোগ করেন, তাহলে যিনি কল করছেন তিনি যে প্রতারক নন তা যাচাই করার জন্য প্রথমে তাকে জিজ্ঞাসা করুন আপনি কবে আবেদন করেছেন ও কী ধরনের দাবি করেছেন।<br>• নিজেকে সুরক্ষিত রাখুন এবং NYSDOL ওয়েবসাইট labor.ny.gov -এর উপলভ্য মহামারীর বেকার ভাতার ক্ষতিপূরণের (Pandemic Unemployment Assistance, PUA) তথ্য দেখুন। |
| **NYC শিক্ষা বিভাগ (Department of Education, DOE) সংক্রান্ত প্রতারণা** | প্রতারকরা দাবি করবে যে তারা DOE-এর কর্মী ও শিক্ষার্থীর জন্য পণ্য বা পরিষেবার বিনিময়ে অর্থের অনুরোধ করবে। | • COVID-19 এর সময় DOE-এর প্রদত্ত যে কোনো পণ্য বা পরিষেবা, যেমন ল্যাপটপ বা রিমোট লার্নিং অ্যাকাউন্ট বিনা খরচে প্রদান করা হয়।<br>• schools.nyc.gov/learn-at-home-এ রিমোট লার্নিং সম্পর্কে আরও জানুন। |
| **ভুয়া সরকারি ত্রাণ/সহায়তা প্রকল্পসমূহ** | আপনি হয়তো এমন কোনো মেসেজ বা ইমেল পেয়ে থাকতে পারেন যেখানে বলা হয়েছে যে আপনার ব্যক্তিগত তথ্য ও প্রসেসিং ফি দিয়ে অনলাইনে একটি ফরম পূরণ করে আপনি ক্ষুদ্র ব্যবসার সাহায্য বা বোনাস অনুদান/চেকের জন্য বিনামূল্যে দাবি দায়ের করতে পারেন। এইসব অফার সোশ্যাল মিডিয়া বিজ্ঞাপন ও পোস্টে দেখা যেতে পারে। | • সর্বদা এজেন্সির নাম খুঁজে, তাদের ওয়েবসাইট দেখে ও অনুদানের প্রক্রিয়া সম্পর্কে পড়ে সেটি সরকারি সহায়তার বৈধ উৎস কিনা তা দেখে নেবেন।<br>• সোশ্যাল মিডিয়াতে যে লিঙ্ক দেখতে পান সেগুলিতে ক্লিক করবেন না। কিছু বৈধ ত্রাণ প্রকল্প হল ক্ষুদ্র ব্যবসার ঋণের জন্য ক্ষুদ্র ব্যবসা প্রশাসন অথবা খাদ্য সহায়তার জন্য ACCESSNYC।<br>• মনে রাখবেন সরকারের "বিনামূল্যের" সুবিধার জন্য অর্থ লাগে না। |
| **NYC লাইসেন্স/পারমিট রিনিউ করা সংক্রান্ত প্রতারণা** | নিউ ইয়র্ক সিটি দ্বারা জারি করা লাইসেন্স বা পারমিট আপনার আছে। একজন প্রতারক কল করে নিজেকে সরকারি এজেন্সির কর্মী বলে পরিচয় দিয়ে আপনার লাইসেন্স/পারমিট রিনিউ করার ক্ষেত্রে **ছাড়** দেবে বলল। কলার আপনাকে রিনিউ করার ফি কমানোর জন্য প্রক্রিয়া করতে মেসেজিং অ্যাপ যেমন WhatsApp-এর মাধ্যমে বিমার নথি ও ব্যাঙ্কের তথ্য চাইতে পারে। | • সরকারি এজেন্সিগুলো অপ্রত্যাশিতভাবে কল করে ব্যাঙ্কের তথ্য চায় না। বেশিরভাগ পেমেন্ট তাদের আনুষ্ঠানিক ওয়েবসাইটের মাধ্যমে করা যেতে পারে; আপনার লাইসেন্স/পারমিটের নথিতে থাকা এজেন্সি ওয়েবসাইট দেখুন অথবা সরকারি সিটি এজেন্সির তালিকার জন্য nyc.gov দেখুন। |
| **নিয়োগ সংস্থা হওয়ার ভুয়া দাবি** | প্রতারকরা ভুয়া নিয়োগ সংস্থা থেকে স্বাস্থ্যকর্মীদের কল করে তাদের বর্তমান কাজ ছেড়ে তাদের "অফার" গ্রহণ করতে প্রলুব্ধ করে। | • NYC NYC উপভোক্তা বিষয়ক বিভাগের থেকে লাইসেন্স প্রাপ্ত নিয়োগ সংস্থা এই ধরণের দাবি করতে পারে না, কারণ এটি বেআইনি।<br>• on.nyc.gov/2ROeh4z এ এইসব কলের জন্য অভিযোগ দায়ের করুন। |

## দাতব্যের নামে প্রতারণা

মানুষজন প্রায়ই প্রয়োজনে সাহায্য করতে চায়, কিন্তু খারাপ সময়েও প্রতারকরা মানুষের সহৃদয়তার সুযোগ নেন।

পরামর্শ:

- **দাতব্য প্রতিষ্ঠানে বা GoFundMe পেজ তৈরি করা কোনো ব্যক্তিকে দান করার আগে সর্বদা ভালো করে খোঁজ নিন।**
- সংস্থাদেরকে তাদের রেজিস্ট্রেশন নম্বর আছে কিনা দেখুন—সমস্ত বৈধ দাতব্য প্রতিষ্ঠানকে অবশ্যই নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেলের চ্যারিটিজ ব্যুরোর কাছে রেজিস্টার করা আবশ্যক।
- কখনই নগদে, গিফ্ট কার্ড বা ব্যাঙ্ক ট্রান্সফারের মাধ্যমে দান করবেন না।
- www.charitiesnys.com/complaints_new.html-এ এই ধরনের দাতব্য প্রতিষ্ঠান সংক্রান্ত প্রতারণার বিষয়ে অভিযোগ দায়ের করুন।

**যদি আপনি COVID-19 এ আক্রান্ত নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে চান তাহলে nyc.gov/helpnow দেখুন।**

## ভুয়া COVID-19 চিকিৎসা ও পরীক্ষা

| প্রতারণা | কী করবেন না | কী করবেন |
|---|---|---|
| **"অ্যান্টি-COVID-19" পণ্য এবং ওষুধ** | • স্বাস্থ্যসেবা প্রদানকারীর অনুমোদন ছাড়া "অ্যান্টি-কোভিড-19" নামে প্রচারিত পণ্য বা ওষুধ ব্যবহার করবেন না। এগুলি বিপজ্জনক ও প্রাণঘাতি হতে পারে।<br><br>বর্তমানে COVID-19 প্রতিরোধ করার জন্য বা চিকিৎসা করার জন্য কোনো প্রামাণিক পণ্য নেই। বর্তমানে COVID-19 এর অনুমোদিত প্রতিরোধমূলক পদ্ধতি হল সামাজিক দূরত্ব ও হাত ধোয়া। | • NYC স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইট on.nyc.gov/2yI55Ib থেকে প্রতিরোধ ও পরিচর্যা সম্পর্কে আরও জানুন। |
| **হোম টেস্ট কিট** | • COVID-19 এর জন্য অনলাইনে প্রাপ্ত টিকা ও হোম টেস্ট কিটের উপর ভরসা করবেন না। | • ফেডারেল ট্রেড কমিশনের (Federal Trade Commission, FTC) ওয়েবসাইট ftc.gov/complaint-এ গিয়ে আপনি দেখেছেন এমন অনলাইনের অফারের ব্যাপারে অভিযোগ করুন।<br>• যদি কেউ আপনার বাড়িতে এসে নিজেকে রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention, CDC), বিশ্ব স্বাস্থ্য সংস্থার (World Health Organization, WHO) বা NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগের (Department of Health and Mental Hygiene, DOHMH) কর্মী হিসেবে পরিচয় দিয়ে "COVID-19 পরীক্ষা" করাতে বললে **911 নম্বরে কল করুন।** |

## ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম সংক্রান্ত প্রতারণা

আপনার সংস্থায় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের (Personal Protective Equipment, PPE) জন্য অর্থের অনুরোধ সংক্রান্ত ভুয়া কল থেকে সতর্ক থাকুন। কলার হয়তো বলতে পারে যে ম্যানেজার কোম্পানির জন্য PPE-এর অর্ডার দিয়েছে ও ডেলিভারির আগে পেমেন্ট করতে হবে। কোনো পেমেন্ট করার আগে ম্যানেজার বা দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিকে জিজ্ঞাসা করে নিশ্চিত হয়ে নিন।

পরামর্শ:

- যদি আপনি মাস্কের মতো PPE অনলাইনে কিনছেন, তাহলে সর্বদা নামী দোকান ও ওয়েবসাইট থেকে কিনুন।
- কোম্পানির সম্পর্কে এবং গ্রাহকদের কেমন অভিজ্ঞতা হয়েছে অনলাইনে তার খোঁজ খবর নিন।

## ফিশিং স্ক্যাম

ফিশিং ইমেল ও মেসেজে সাধারণত একটি লিঙ্ক থাকে বা আপনাকে ব্যক্তিগত তথ্য দিতে বলা হয়, এটি প্রতারণা করা বা পরিচয় চুরি করতে ব্যবহার করা যাবে।

পরামর্শ:

- কোনো ইমেইল ঠিকানা বা লিঙ্কে ক্লিক করা বা উত্তর দেয়ার আগে সেটি যাচাই করুন।
- বৈধ সরকারি এজেন্সিগুলো কখনই আপনার সঙ্গে যোগাযোগ করে অর্থ চাইবে না।
- যদি কোনো এজেন্সি কল করে আপনার ব্যক্তিগত তথ্য চায়, তাহলে প্রথমে যাচাই করুন।

*যদি কল বা ইমেলের ক্ষেত্রে অনিশ্চিত থাকেন, তাহলে:*

- কেটে দিন (কল হলে)।
- কল বা ইমেলের বৈধতা যাচাই করতে এজেন্সির আনুষ্ঠানিক ওয়েবসাইটে যান অথবা এজেন্সির আনুষ্ঠানিক নম্বরে কল করুন।

*যদি আপনার প্রতারণা বলে মনে হয় তাহলে:*

- ইমেলটি মুছে দিন (যদি ইমেল পেয়ে থাকেন)।
- ফেডারেল কমিউকেশন কমিশনের (Federal Communications Commission, FCC) ওয়েবসাইট fcc.gov/complaints-এ গিয়ে অভিযোগ দায়ের করুন।

## অজানা কলার ও রোবোকল

প্রতারকরা বাড়িতে বসে COVID-19 এর চিকিৎসার প্রলোভন দেখিয়ে কল করতে পারে অথবা প্রতারণার মধ্যে সব হাতিয়ে নিতে বেআইনি রোবোকল ব্যবহার করতে পারে।

অবিলম্বে পেমেন্ট না করলে গ্যাস ও বিদ্যুত পরিষেবার সংযোগ বিচ্ছিন্ন করা হবে এ জাতীয় হুমকি কল থেকে সাবধান থাকুন। কলার অত্যাধুনিক ফোন সিস্টেম ব্যবহার করতে পারে যার কারণে কলার আইডিতে এনার্জি কোম্পানির নাম উঠবে। এটি একটি ভুয়ো কল। সন্দেহ হলে, আপনার উচিত কলটি কেটে দিয়ে, বিলে থাকা গ্রাহক সেবা নম্বরে কল করুন।

পরামর্শ:

- যদি অপরিচিত নম্বর থেকে কল পান, ধরবেন না। উত্তর দিলে ও বোতাম টিপলে আপনার কাছে ভুয়া কল বেশি আসতে পারে।

## কুকুর ছানা নিয়ে প্রতারণা

বাড়িতেই থাকার আদেশ মানছেন এমন অনেকে পোষ্য খুঁজছেন।

পরামর্শ:

- কেনার আগে ভালো করে খোঁজ খবর নিন। প্রতারণামূলক পোষ্য সাইটগুলির বিষয়ে গ্রাহকদের সতর্কতা সম্পর্কে সজাগ থাকুন, সেখানে এমন সব প্রাণীদের বিজ্ঞাপন দেয়া থাকতে পারে যার কোনো অস্তিত্ব নেই এবং কখনও পাঠানো হয় না।
- পোষ্য কেনার আগে, নিজে গিয়ে দেখে আসুন।
- Western Union, MoneyGram, বা নগদের অ্যাপ যেমন Zelle বা গিফ্ট কার্ডের মাধ্যমে অর্থ পাঠানোর সময় সতর্ক থাকুন। আপনি প্রতারণার শিকার হলে এইসব পেমেন্ট পদ্ধতিতে অর্থ ফেরত পাওয়ার ব্যবস্থা নেই।
- FTC এর ওয়েবসাইট ftc.gov/complaint-এ গিয়ে আপনি সম্মুখীন হয়েছেন এমন যে কোনো পোষ্য সংক্রান্ত প্রতারণার অভিযোগ দায়ের করুন।

## ভুয়ো অর্থের ডিল

যদি কোনো ডিল/চুক্তি সত্যি ভালো হয়, তাহলে ঠিক আছে। এইসব "গ্রেট ডিল" থেকে সাবধান থাকুন:

| প্রতারণা | তারা কি অফার দেয় | আপনি কি করবেন |
|---|---|---|
| **ঋণ থেকে মুক্তির প্রতারণা** | যদি কেউ আপনাকে কল করে জানায় যে তাদের কোম্পানি ঋণ থেকে মুক্তির অফার দিচ্ছে, তাহলে এগোবেন না। কলার হয়তো আপনাকে ঋণ পরিশোধে সহায়তা করার জন্য এবং অফারের সুযোগ নিতে তাদের সাথে যোগাযোগ করার জন্য একটি 50 শতাংশ নিষ্পত্তির অফার দিতে পারে। অবিলম্বে কল কেটে দিন ও এইসব অপরিচিত কল ধরা এড়িয়ে চলুন। | • COVID-19 এর কারণে, যদি আপনি আর্থিক সমস্যার সম্মুখীন হন, তাহলে আপনি ঋণ সংগ্রহকারী সংস্থাকে আপনার বর্তমান ঋণের জন্য যোগাযোগ করা বন্ধ করতে অনুরোধ করতে পারেন। ডাউনলোড করুন[ঋণ সংগ্রহ বন্ধ করার পত্রালাপ: নির্দেশনা ও টেমপ্লেট](#) |
| **জাল কুপন** | সোশ্যাল মিডিয়ায় ছড়ানো জাল কুপন ডিল থেকে সতর্ক থাকুন। কুপনের লিঙ্কে ক্লিক করলে আপনাকে তৃতীয় পক্ষের সাইটে নিয়ে যাওয়া হতে পারে এবং কুপন পেতে আপনার ব্যক্তিগত তথ্য চাওয়া হতে পারে। বৈধ সংস্থা কুপন ডিলের বিনিময়ে ব্যাঙ্কের কোনো তথ্য চায় না। | • কোনো সংস্থা কুপন অফার করছে কিনা জানতে সর্বদা তাদের আনুষ্ঠানিক বিজনেস ওয়েবসাইটে যান। |
| **কর ঋণ** | করদানে সহায়ক পেশাদার বাছাই করার সময় সতর্ক থাকা গুরুত্বপূর্ণ। অধিকাংশ কর সহায়ক পেশাদার সৎ ও উচ্চ মানের পরিষেবা দিলেও, কিছু পেশাদার আপনাকে ঋণ নিতে বা আপনি অযোগ্য এমন কর্তনের সুবিধা নেয়ার কুপরামর্শ দিতে পারে। "বড় অর্থের" অর্থ ফেরতের প্রতিশ্রুতি দিয়ে, তারা তাদের ফি বাড়াবে এবং দিনের শেষে অর্থ পাওয়ার বদলে আপনি হারাবেন। | • যোগ্য নিউ ইয়র্কবাসীরা NYC-এর বিনামূল্যের বিশ্বস্ত, পেশাদারী কর সহায়কদের পরিষেবা ব্যবহার করতে পারেন। nyc.gov/taxprep-তে আরও জানুন |

## স্টুডেন্ট লোনের প্রতারণা

করোনা ভাইরাসের সহায়তা, ত্রাণ এবং অর্থনৈতিক সুরক্ষা (Coronavirus Aid, Relief, and Economic Security, CARES) আইনের অধীনে, ফেডারেল স্টুডেন্ট লোনের পেমেন্ট নিজে থেকেই 30 সেপ্টেম্বর পর্যন্ত সুদ বা জরিমানা ছাড়াই স্থগিত করা হয়েছে। স্টুডেন্ট লোন গ্রহীতারা এই আইনের মাধ্যমে সুরক্ষিত, পেমেন্ট স্থগিত করার জন্য তাদের কিছু করতে হবে না।

পরামর্শ:

- যদি আপনাকে কোনো ব্যক্তি যোগাযোগ করে বলে যে তারা প্রকল্পে আপনাকে দ্রুত বা বিনামূল্যে নথিভুক্ত করবে, তাহলে জানবেন এটি একটি প্রতারণা।
- আইন মোতাবেক আপনার ঋণ সুরক্ষা পাবেন কিনা সেই নিয়ে অনিশ্চিত থাকলে, সরাসরি ঋণ প্রদান পরিষেবার সঙ্গে যোগাযোগ করুন।
- COVID-19 এর সময় স্টুডেন্ট লোনের ঋণের পরামর্শ (একাধিক ভাষায় পাওয়া যায়)।

## সংস্থান এবং বিনামূল্যের সহায়তা

**COVID-19 সংক্রান্ত পরবর্তী সংযোজন ও স্বাস্থ্য নির্দেশিকা:** nyc.gov/coronavirus দেখুন

**ফোনে বিনামূল্যে আর্থিক পরামর্শ:** অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য nyc.gov/TalkMoney-এ যান।

**ফেডারেল ট্রেড কমিশন (Federal Trade Commission, FTC):** ftc.gov-এ যান অথবা 1-877-FTC-HELP (1-877-382-4357) নম্বরে কল করুন। পুলিশে জানানোর পর FTC-এর কাছে পরিচয় চুরির অভিযোগ দায়ের করুন।

**গ্রাহকদের আর্থিক সুরক্ষা ব্যুরো (Consumer Financial Protection Bureau, CFPB)**: consumerfinance.gov দেখুন অথবা 1-855-411-2372 নম্বরে কল করুন।

**নিউ ইয়র্ক স্টেটের গ্রাহক সুরক্ষা বিভাগ (New York State Division of Consumer Protection):** dos.ny.gov/consumerprotection দেখুন বা 1-800-697-1220 নম্বরে কল করুন।